

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৯২

১/ ঈমান

পরিচ্ছেদঃ জ্বিন ও শয়তান জগৎ

আরবী

عَن عَبْدِ اللهِ بْنِ عَبَّاسٍ قَالَ أَخْبَرَنِى رَجُلٌ مِنْ أَصْحَابِ النَّبِيِّ عَلَى مِنَ الأَنْصَارِ أَنَّهُمْ بَيْنَمَا هُمْ جُلُوسٌ لَيْلَةً مَعَ رَسُولِ اللهِ عَلَى بَخِمْ فَاسْتَنَارَ فَقَالَ لَهُمْ رَسُولُ اللهِ عَلَى الله عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى الله عَلَى وَجْهِ فَهُو حَقٌ وَلَكِنَّ الْمَعْ فَيَوْدُونَ فِيهِ وَيَزِيدُونَ وَيَع وَيَزِيدُونَ وَيَه وَيَزِيدُونَ وَيهِ وَيَزِيدُونَ وَيهِ وَيَزِيدُونَ وَيهِ وَيَزِيدُونَ وَيهِ وَيَزِيدُونَ وَيهِ وَيَزِيدُونَ وَيهِ وَيَزِيدُونَ

বাংলা

(৯২) আব্দুল্লাহ বিন আব্বাস (রাঃ) এক আনসারী থেকে বর্ণনা করে বলেন, একদা এক রাত্রে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সাহাবাগণ উপবিষ্ট ছিলেন। এমন সময় উজ্জ্বল হয়ে একটি উল্কাপাত হল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম তাঁদেরকে জিজ্ঞাসা করলেন, এরূপ উল্কাপাত হলে তোমরা জাহেলী যুগে কী বলতে? তাঁরা বললেন, 'আল্লাহ ও তাঁর রসূল বেশি জানেন। আমরা বলতাম, আজ রাতে কোন মহান ব্যক্তির জন্ম হল অথবা কোন মহান ব্যক্তি মারা গেল।' রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, কোন ব্যক্তির মৃত্যু বা জন্মের কারণে উল্কাপাত হয় না। আসলে আমাদের প্রতিপালক তাবারাকা অতা'আল্লাহ যখন কিছু ফায়সালা করেন, তখন আরশবাহী ফিরিশতাগণ তসবীহ পড়েন।

অতঃপর তার পরবর্তী নিম্নের আসমানবাসী তসবীহ পড়েন। পরিশেষে এই দুনিয়ার আসমানে তসবীহ এসে পৌঁছে। অতঃপর আরশবাহী ফিরিশতাগণের কাছাকাছি আসমানবাসীরা তাঁদেরকে জিজ্ঞাসা করেন, 'আপনাদের প্রতিপালক কী বললেন?' সুতরাং তিনি যা বলেন, তার খবর তাঁরা জানিয়ে দেন। এইভাবে প্রত্যেক আসমানবাসী পরস্পরের মধ্যে খবর জানাজানি করেন। পরিশেষে এই দুনিয়ার আসমানে খবর এসে পৌঁছে। জ্বিনেরা সেই খবর



লুফে নেয় এবং তাদের বন্ধুদের কাছে প্রক্ষিপ্ত করে। সুতরাং যে খবর তারা হুবহু আনয়ন করে, তা সত্য। কিন্তু আসলে তারা তাতে মিথ্যার সংমিশ্রণ ঘটায় ও সংযোজিত করে।

ফুটনোট

(মুসলিম ৫৯৫৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন